কোটচাঁদপুরে পিকাপভ্যানের ধাক্কায় মটরসাইকেল আরোহী নিহত

ঝিনাইদহের কোটচাঁদপুরে পিকাপভ্যানের ধাক্কায় ইমন হোসেন (১৯) নামের এক মটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। আহত হয়ে হাসপাতালের শয্যায় মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন উচ্ছাস বিশ্বাস নামের আরেক আরোহী। গতকাল শনিবার সন্ধ্যায় কোটচাঁদপুর – কালিগঞ্জ সড়কের বিস্কুট ফ্যাক্টরির সামনে এ দূর্ঘটনা ঘটে।

ইমনের চাচাত ভাই আব্দুল্লা বলেন, ইমন আর উচ্ছাস মামাত ফুফাত ভাই। গতকাল শনিবার সন্ধ্যায় মটরসাইকেল নিয়ে ওই দুই জন বেড়াতে বের হয়। বাড়ি ফেরার পথে কোটচাঁদপুর-কালীগঞ্জ সড়কের বিস্কুট ফ্যাক্টরীর সামনে, তারা পৌছালে পিছন থেকে পিকাপ ভ্যান সজোরে ধাক্কা দেয়। এতে করে গুরুতর আহত হয় ওই দুই জন।

তাদেরকে উদ্ধার করে প্রথমে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে পরে যশোর নিয়ে যাওয়া হয়। এরপর রাতেই চিকিৎসাধীন অবস্থায় যশোর হাসপাতালে মারা যায় ইমন হোসেন (১৯)। সে কোটচাঁদপুর পৌরসভার কাশিপুর এলাকার আব্দুর রশিদের ছেলে। ইমন কাশিপুর কলেজের একাদশ শ্রেনীর ছাত্র ছিলেন। এ ছাড়া সে ওয়ার্ড ছাত্র দলের সভাপতি ছিলেন বলে দলীয় সুত্রে জানা গেছে।

অন্যদিকে উচ্ছাসকে উন্নত চিকিৎসার জন্য ঢাকা নিয়ে তাঁর স্বজনরা। তাঁর অবস্থায় আশংকাজনক। বর্তমানে সে হাসপাতালের শয্যায় শুয়ে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। উচ্ছাস যশোরের চৌগাছা থানার স্বরুপ দহ গ্রামের শওকত আলী ছেলে। সে বিদেশ প্রবাসী ছিলেন। এদিকে ইমনের মৃত্যুতে শোকের মাতম চলছে ওই পরিবারে। শোক বইছে কলেজের সহপাঠীদের মধ্যে ও।

কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) শাহ মোহাম্মদ আজিজ বলেন, আমি ডিউটিতে আসার পর থেকে এখনো পর্যন্ত কেউ কোন অভিযোগ বা জিডি করে নাই।

কোটচাঁদপুরে বিশ্ব শিক্ষক দিবস পালিত

শিক্ষায় নতুন সামাজিক অঙ্গীকার এ প্রতিপাদ্য কোটচাঁদপুরে বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে। দিবসটি পালনে শনিবার সকালে র্যালি ও আলোচনা সভা করেন শিক্ষকরা।

কোটচাঁদপুর উপজেলা অফিসার্স ক্লাবে এ আলোচনা করা হয়। সভায় সভাপতিত্ব করেন,সহকারী কমিশনার ভূমি ও উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) জান্নাতুল মাওয়া।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, উপজেলা একাডেমিক সুপার ভাইজার ফারুক আহাম্মেদ।

এ ছাড়াও বক্তব্য রাখেন, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সঞ্চয় কুমার, উপজেলা আথমিক শিক্ষা অফিসার সাকি সালাম, কোটচাঁদপুর পৌর মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ শহিদুল ইসলাম, কোটচাঁদপুর সরকারী মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুর রহমান, শেখ মোজাফফর হোসেন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মশিযার রহমান,বড় কামনসহ সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক বাবুল হোসেন।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন শেরখালী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক কবীর হোসেন। এর আগে উপজেলা চত্বর থেকে একটি র্যালি বের হয়। পরে র্যালিটি বিশেষ বিশেষ সড়ক প্রদক্ষিন করেন।

কোটচাঁদপুরে আদম দালাল ইব্রাহিম ও ইসমাইলের বিচার

চেয়ে সংবাদ সম্মেলন

ঝিনাইদহের কোটচাঁদপুরে আদম দালাল ইব্রাহিম ও ইসমাইলের বিচার চেয়ে ভুক্তভোগী পরিবার সংবাদ সম্মেলন করেছে।

আজ শনিবার (৫ সেপ্টেম্বর) বেলা ১২ টার সময় কোটচাঁদপুর উপজেলা প্রেসক্লাব মিলনায়তন এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে লিখিত অভিযোগ পাঠ করে শোনান সৌদি আরব গিয়ে প্রতারণার স্বীকার মোঃ শরিফুল ইসলাম শরিফ পিতা মৃত দাউদ হোসেন। তিনি বলেন মোঃ রইফুল ইসলাম পিতা মৃত আবু তাহের, মোঃ শরিফুল ইসলাম পিতা মৃত আবু তাহের আমরা সকলেই চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার শ্যামপুর গ্রামের স্থানীয় বাসিন্দা গ্রামের সহজ সরল মানুষ। একই গ্রামের সৌদি প্রবাসী আমার আপন চাচাতো ভাই মোঃ ইব্রাহিম ওরফে পিন্টু পিতা মৃত সামছদ্দীন প্রবাসে থাকেন। সেই সুত্রে তার ছোট ভাই প্রভাবশালী আওয়ামীলীগ নেতা মোঃ ইসমাইল হোসেন ওরফে বাবু, গ্রাম শ্যামপুর, শ্বশুর শাহাদত, পিতা অজ্ঞাত শ্যালক আল আমিন পিতা শাহাদত একই থানার বেগমপুর গ্রামের বাসিন্দা। স্থানীয় এই চক্র আমাদের অধিক বেতনের প্রলোভন দেখিয়ে সৌদি আরব নিয়ে যায়। সাধারণ মানুষের সরলতার সুযোগ নিয়ে সুচতুর সৌদি আরব প্রবাসী ইব্রাহিম তার আপন ভাই আওয়ামী লীগ নেতা ইসমাইল ওরফে বাবু সহ ঘনিষ্ঠ লোকজন তৎকালীন সময় দলীয় প্রভাব খাটিয়ে প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে ক্ষমতার দাপটে প্রতারণা করে বিদেশে পাচার করতেন। ভয়ে প্রতিকার চাইতে পারিনি কেউ।

আমাদের ভুক্তভোগী পরিবার গুলোর বাড়িতে এসে সু কৌশলে বিভিন্ন সময় বুঝাতো এরা। বলতো দেশে ইনকাম করে ভালো ভাবে বসবাস করা সম্ভব না। কয়েক বছর সৌদি আরব দেশে কাজ করে আসলে জীবনে আর কিছু করতে হবে না। সারাজীবন সুখের সাথে স্ত্রী ছেলে মেয়ে নিয়ে বসবাস করতে পারবে। এভাবেই সুখের সন্ধান দিয়ে অধিক বেতনের প্রলোভন দেখিয়ে আমাদের পরিবার কে রাজি করায়। তাদের এই সুচতুরতা না বুঝে সরল বিশ্বাসে আমরা আমাদের পরিবার কে স্বাবলম্বী করতে বিভিন্ন স্থান থেকে ঋণের টাকা নিয়ে এনজিও থেকে ঋণ নিয়ে সহায় সম্বল সবকিছু বিক্রি করে ২০২৩ সালের নভেম্ববর মাসে জনপ্রতি সাড়ে ছয় সাত ও আট লক্ষ টাকা করে নিয়ে জাল জালিয়াতি করে সৌদি আরব দেশে পাঠিয়ে দেয়। সৌদি বিমানবন্দর পৌঁছে যাওয়ার পর ইব্রাহিম আমাদের নিয়ে যায়।আমাদের নিকট থেকে পাসপোর্ট নিয়ে একটি ঘরে আটকে রাখে।আটকে

কোটচাঁদপুরে জামায়াতের সাথে সাংবাদিকদের মতবিনিময় সভা

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলায় কর্মরত সাংবাদিকদের সঙ্গে বাংলাদেশ জামায়াতে ইসলামীর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।
আজ শনিবার (৫অক্টোবর) সকাল ১১ টার সময় কোটচাঁদপুর উপজেলা জামায়াতে ইসলামীর আয়োজনে শহরের দুধসারা রোডে আল ফালাহ ইসলামি সেন্টার ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর উপজেলা কার্যালয়ে উপজেলা জামায়াতের আমীর মোঃ আজিজুর রহমান মাস্টারের সভাপতিত্বে উপজেলা জামায়াতের সেক্রেটারি প্রফেসর মোঃ শরিফুল ইসলাম এর পরিচালনায় জামায়াতের মিডিয়া সম্পাদক মোঃ শাহাবুদ্দিন খান এর সঞ্চালনায় এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর মহেশপুর ঝিনাইদহ ৩ আসন থেকে বাংলাদেশ জামায়াতে ইসলামীর মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী ঝিনাইদহ জেলা নয়েবে আমির অধ্যাপক মোঃ মতিয়ার রহমান।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা জামায়াতের আমীর আজিজুর রহমান।
প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক মোঃ মতিয়ার রহমান বলেন আপনারা সাংবাদিক জাতির দর্পণ। বিগত সৈরশাসন আমলে আপনাদের কন্ঠরোধ করা হয়েছে। সত্য তুলে ধরলেই সাংবাদিকদের নামে মিথ্যা মামলা দায়ের সহ খুন গুম করা হয়েছে। এখন থেকে আপনারা সত্যটা তুলে ধরবেন আপনাদের সাথে আমরা আছি। আপনাদের সাথেই থেকে সমাজ থেকে মাদক চাঁদাবাজ সন্ত্রাসী দূর্নীতিবাজদের মুখোশ উন্মোচন করে তাদের কে উৎখাত করা হবে। আপনারা আমাদের সাথে থাকলে সঠিক সংবাদ পরিবেশন করা হলে সমাজ থেকে সকল দুর্নীতি বন্ধ করা সম্ভব হবে বলে মনে করি।
এসময় উপস্থিত ছিলেন সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান মোঃ মোয়াবিয়া হোসাইন, উপজেলা বায়তুলমাল সম্পাদক মোঃ রেজাউল ইসলাম সহ কোটচাঁদপুর উপজেলা প্রেস ক্লাবের সাংবাদিক বৃন্দ।

কোটচাঁদপুরে গ্রীন হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারের শুভ উদ্ভোধন

মানুষকে স্বাস্থ্য সেবা দিতে কোটচাঁদপুরে পথ চলা শুরু করলেন গ্রীন হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার। আজ শুক্রবার তারিখে দোয়ার মধ্যদিয়ে স্থানীয় বলুহর স্ট্যান্ডে শুভ উদ্ভোধন হয়েছে প্রতিষ্ঠানটির।

জানা যায়, গ্রীন হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার একটি সেবা মূলক প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি মানুষের স্বাস্থ্য সেবা দিতে শুক্রবার সকালে কোটচাঁদপুর – কালীগঞ্জ মহাসড়কের পাশে বলুহর স্ট্যান্ডে আনুষ্ঠানিক ভাবে পথ চলা শুরু করেছেন।

ফিতে কেটে ও দোয়া অনুষ্ঠানে মধ্য দিয়ে প্রতিষ্ঠানটি উদ্ভোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি ঝিনাইদহ জেলা নয়েবে আমির অধ্যাপক মোঃ মতিয়ার রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা জামায়াতের আমীর আজিজুর রহমান, সাবেক উপজেলা জামায়াতের আমীর ও চেয়ারম্যান তাজুল ইসলাম, মহেশপুর উপজেলা জামায়াতের আমীর অধ্যাপক মোঃ ফারুক আহমেদ, ঝিনাইদহ জেলা ছাত্র শিবিরের সভাপতি সাবেক ওমর ফরুক।

অনুষ্ঠানে কোরআন তেলাওয়াত করেন হাফেজ মোঃ আবু সাঈদ। অতিথিবৃন্দরা প্রতিষ্ঠানটির পথ চলায় শুভ কামনা করেন। সাথে সাথে সার্বিক সহযোগিতারও আশ্বাস দেন তারা।

কোটচাঁদপুরে প্রাথমিক

বিদ্যালয়ের শিক্ষকদের মানববন্ধন

ঝিনাইদহের কোটচাঁদপুরে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের যোগ্যতা ও ন্যায্যতার আলোকে ১০ম গ্রেড এবং প্রধান শিক্ষকদের ৯ম গ্রেডে বেতন নির্ধারণের দাবিতে মানবন্ধন পালন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) বিকেলে শহরের উপজেলা পরিষদ চত্বরে এ মানববন্ধন করে উপজেলার প্রাথমিক শিক্ষক শিক্ষকারা। মানববন্ধন শেষে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রধান উপদেষ্টা বরাবর স্মারকলিপি প্রদান করা হয়।

সহকারী শিক্ষক দশম ১০ গ্রেড বাস্তবায়ন সমন্বয় পরিষদের সদস্য রুদ্রপুর প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মশিউর রহমান সজলের পরিচালনায় মানববন্ধনে বক্তব্যে রাখেন নওদাগ্রাম কাশিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক কামরুজ্জামান কচি, মানিকদি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক খোন্দকার হাসানুজ্জামান, বালিকা প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক বাবুল আক্তার টোকন, গুড়পাড়া প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক মাহফুজ, বলরামনগর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক কামরুজ্জামান, বলরামপুর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক মোজাম্মেল হক শাহীন, তালসার প্রাথমিক বিদ্যালয়ের তবিবুর রহমান, শ্রীরামপুর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক শওকত আলী মিঠু, রামচন্দ্রপুর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক সাবানা খাতুন প্রমুখ।এ সময় বক্তারা বলেন, ২০০৯ সাল থেকে আটকে থাকা সহকারী শিক্ষক থেকে প্রধান শিক্ষক পদে পদোন্নতি দ্রুত বাস্তবায়নসহ সহকারী শিক্ষক এন্ট্রিপদ ধরে পরিচালক পর্যন্ত যোগ্যতার ভিত্তিতে শতভাগ পদোন্নতি দিতে হবে। এছাড়া ৮ম পে স্কেলে টাইম স্কেল ও সিলেকশন গ্রেড পুনর্বহাল, প্রতি তিন বছর পর পর স্বয়ংক্রিয়ভাবে শ্রান্তি বিনোদন ভাতা, মাসিক সমন্বয় সভায় সহকারী শিক্ষক প্রতিনিধির উপস্থিত নিশ্চিতসহ মোট ১৪টি দাবি তুলে ধরেন তারা।

ঘন্টাব্যাপি এ মানববন্ধনে উপজেলার ৭৪ টা প্রাথমিক শিক্ষক, শিক্ষার অংশগ্রহণ করেন।

কোটচাঁদপুরে পরিত্যক্ত ভবনে বসবাস উপজেলা নির্বাহী কর্মকর্তর

১৬ মাস হল পরিত্যক্ত ঘোষনা করা হয়েছে কোটচাদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তার বাসভবন। এরপরও ওই পরিত্যক্ত ভবনেই বসবাস করছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে। কোন দূর্ঘটনার দায় দায়িত্ব নিতে চান না উপজেলা প্রকৌশলী সিদ্ধার্থ কুমার কুন্ডু।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,গেল ১৯৮০ সালে ১ লা আগষ্ট কোটচাঁদপুর উপজেলার শুভ উদ্বোধন করেন সাবেক শিক্ষা মন্ত্রী ডঃ আবদুল মজিদ খান। ওই সময়ই নির্মিত হয় উপজেলা নির্বাহী কর্মকর্তার বাস ভবনটিও এমনটাই জানা গেছে। সেই থেকেই ভবনটিতে বসবাস করে আসছিলেন উপজেলার নির্বাহী কর্মকর্তারা। ৪৩ বছর পর জেলা প্রশাসক কার্যালয় ঝিনাইদহের স্মারক নং-১৯৪; তারিখ: ১৬ মার্চ ২০২৩ ইউএনও ভবনটি পরিত্যক্ত ঘোষণার জন্য চিঠি দেন সংশ্লিষ্ট দপ্তরে।

এরপর গেল ৩০ মে ২০২৩ সালে ভবনটি পরিত্যক্ত ঘোষণা করা হয়। নির্দেশ দেয়া হয় সকল বিধি-বিধান পরিপত্র/সার্কুলার যথাযথভাবে অনুসরণপূর্বক নিলামে বিক্রয়ের। দীর্ঘ ১৬ মাস পার হয়ে গেলেও নিলাম করা হয়নি ভবনটি। এদিকে ঝুঁকিপূর্ন পরিত্যক্ত ওই ভবনেটিতে বসবাস করছেন বর্তমান উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে।

এ ব্যাপারে কোটচাঁদপুর উপজেলা প্রকৌশলী সিদ্ধার্থ কুমার কুন্ডু বলেন, ভবনে বসবাস করার জন্য একটা রেজুলেশন করা আছে আমি দেখছিলাম। তবে ওই রেজুলেশনটি করা আমি আসার আগে। আর ভবনটি কনডেম করা আছে এটাও আমি জানি। বিষয়টি নিয়ে ওনার সাথে আলোচনাও হয়েছে, কিভাবে কি করা যায়। ওনি আমাকে বলেছেন,ভবনের অবস্থা মোটামুটি ভালো আছে। কিছু সার্ভেসিং করিয়ে বসবাস করছেন বলে আমাকে বলেন।

তিনি বলেন,যেহেতু ভবনটি কনডেম ঘোষনা করা হয়েছে, সেহেতু ওনার ওই ভবনে থাকাটা নিরাপদ নয়। তারপরও ওনি স্বেচ্ছায় ভবনটিতে থাকছেন। হঠাৎ যদি ওই ভবনে কোন দূর্ঘটনা ঘটে যায়,তাঁর দায়ভার আমার না

নেয়া উচিত। এরপরও উপজেলা প্রকৌশলী হিসেবে আমি দায় এড়াতে পারি না।

এ অবস্থায় আপনি কোন ব্যবস্থা নিবেন কিনা,এমন প্রশ্নে তিনি বলেন, আসলে ওনারা প্রশাসনের লোক। ওনার তো একটা নিরাপদ জায়গারও দরকার আছে। আর নতুন ভবনের বরাদ্ধ আসা না আসা নিয়ে কোন নির্দেশনা আমার কাছে নাই। এরপরও আমি বিষয়টি নিয়ে উপজেলা নির্বাহী মহাদয়ের সঙ্গে আলাপ করে পরবর্তী পদক্ষেপ নেয়া হবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে বলেন,ইউএনও ভবনটি কনডেম ঘোষনা করা হয়েছে। তবে আমি কোন ঝুঁকি মনে করছি না। আর মরে গেলে তো আমিই মারা যাব। এটাতে তো কারোর কোন সমস্যা নাই।

তিনি বলেন,কনডেম করা ভবনে কোন পে করা লাগে না। এরপরও কিছু টাকা পে করেই আমি ওই ভবনে বসবাস করে আসছি। এ ছাড়া ভবনে থাকার জন্য একটা রেজুলেশন করা আছে। তিনি আরো বলেন,ভবনটি ভাল আছে। তারপরও আগের ইউএনও কনডেম করে গেছেন। কি কারনে করেছেন আমার জানা নাই। উছেন মে বলেন,ভবনটি কনডেম করে ওনি বাইরে বাসা নিয়ে থাকতেন। ওই ভাবে থাকাটা আমার জন্য একটা বিব্রতকর। আর নির্বাচনের কারনে নিলাম প্রক্রিয়া করা হয়নি। তবে খুব দ্রুত এ প্রক্রিয়া করা হবে।

কোটচাঁদপুরে জাতীয় কন্যাশিশু দিবস পালিত

কন্যা শিশুর স্বপ্নে গড়ি আগামীর বাংলাদেশ এ প্রতিপাদ্যে কোটচাঁদপুরে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়েছে। আজ সোমবার দুপুরে স্থানীয় জালালপুর মাধ্যমিক বিদ্যালয়ের সম্মেলন কক্ষে দিবসটি পালন করা হয়।

এ উপলক্ষ্যে সচেতনতামূলক আলোচনা সভা ও ছাত্রীদের মাঝে ন্যাপকিনসহ লেখাপড়া সামগ্রী বিতরন করা হয়।

আলোচনা সভায় উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার উছেন মে,

সহকারী কমিশনার (ভূমি) জান্নাতুল মাওয়া, কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল মামুন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহিরুল ইসলাম, একাডেমিক কর্মকর্তা ফারুক হোসেন ও জালাপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আক্তার জাহান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম আর সঞ্চালনায় ছিলেন, তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা।

অনুষ্ঠানে বক্তারা কণ্যা শিশু দিবসের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। পরে অতিথিবৃন্দরা ছাত্রীদের মাঝে ন্যাপকিন ও পড়া লেখার সামগ্রী বিতরন করেন।

কোটচাঁদপুরে মতবিনিময় সভায় জেলা প্রশাসক

সরকারি কর্মকর্তা হয়ে সাধারণ মানুষেকে হয়রানি করা যাবে না। যেকোনো কাজ সময় মত করতে হবে। সেবাগ্রহীতার সাথে কথা বলে পাঁচ দিনের সময় নিয়ে তিনদিনে সম্পন্ন করে সাধারণ মানুষের গ্রাহক সেবা নিশ্চিত করতে হবে। মাদক মুক্ত দেশ গড়তে হবে। মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স। মাদক ব্যবসায়ীদের কোন ছাড় নেই। মাদক ব্যবসায়ী বা সেবন কারী সে যেই হোক তাকে আইনের আওতায় আনা হবে। মাদক মুক্ত দেশ গড়তে আবার বদ্ধ পরিকর। মাদক মুক্ত সমাজ গঠনে সবাই কে ভুমিকা রাখতে হবে।

উপজেলা ভুমি অফিস ও মডেল থানা পরিদর্শন শেষে কোটচাঁদপুরে উপজেলা প্রশাসনের আয়োজনে সরকারি কর্মকর্তা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে আইন শৃঙ্খলা পরিস্থিতি বাল্যবিবাহ, ডেঙ্গু, মাদক, জঙ্গি, মানসম্মত শিক্ষা, উন্নয়নমূলক কর্মকান্ড, জনসেবা, সন্ত্রাস, দুর্নীতি বিরোধী কর্মকাণ্ড নিশ্চিতকরণ শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন ঝিনাইদহ জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল।

আজ রবিবার (২৯ শে সেপ্টেম্বর) দুপুরে কোটচাঁদপুর উপজেলা অফিসার্স ক্লাব মিলনায়তনে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উঠছে মে।

এ সময় বক্তব্য রাখার সাবেক পৌর মেয়রও পৌর বিএনপি সভাপতি এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডল, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান জামায়াতে ইসলামী নেতা মোয়াবিয়া হোসেন, কামিল মাদ্রাসার অধ্যক্ষ বাহারুল ইসলাম, কোটচাঁদপুর উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আব্দুল্লাহ বাশার, উপজেলা বিএনপি দপ্তর সম্পাদক শহিদুল ভুইয়া,পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক রবীন্দ্রনাথ রায়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভুমি) জান্নাতুল মাওয়া, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, উপজেলা প্রকৌশলী সিদ্ধার্থ কুমার কুন্ডু, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জিল্লুর রহমান, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহিরুল ইসলাম, কৃষি অফিসার রাজিবুল কবির, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, যুব উন্নয়ন কর্মকর্তা সামসুল আলম, তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা প্রমুখ।

এ ছাড়াও শিক্ষক, ইমাম, সাংবাদিক, আনসার বাহিনী সদস্য, ফায়ার সার্ভিসের কর্মকর্তা, উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী সহ নানা শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে ইসলামী আন্দোলনের গণ সমাবেশ অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে ইসলামী আন্দোলন বাংলাদেশ পীর সাহেব চরমোনাই ঘোষিত ৭ দফার দাবীতে গণসমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (২২ সেপ্টেম্বর) বিকালে কোটচাঁদপুর উপজেলার সভাপতি মুফতী ওমর ফারুকের সভাপতিত্বে ও সাবেক জেলা সহসভাপতি মুফতী মাহমুদুল হাসানের উপস্থাপনায় এ গণসমাবেশ অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা সভাপতি ডা. এইচ এম মোমতাজুল করীম। তিনি ফ্যাসিবাদী হাসিনা সরকারের দুঃশাসনের বিবরণ দেন। বিগত সরকারের খুন, গুম ও দুর্ণীতির বর্ণনা করেন। এরপর তিনি ৭ দফার দাবী করেন। দাবী গুলো হলোঃ

১. গ্রহনযোগ্য তদন্ত কমিশন ও স্বতন্ত্র ট্রাইবুনাল গঠন করে জুলাই গণহত্যাকান্ডের বিচার করতে হবে। একই সাথে গত ১৬ বছরে সংগঠিত সকল রাজনৈতিক ও প্রশাসনিক হত্যাযজ্ঞ, গণহত্যা, গুম ও মানবাধিকার লঙ্ঘনের বিচার করতে হবে। এক্ষেত্রে যে সকল ব্যক্তি বা সংগঠন দোষী সাব্যস্ত হবে, তাদেরকে রাজনীতি ও নির্বাচন থেকে স্থায়ীভাবে নিষিদ্ধ করতে হবে।
২. তদন্ত সাপেক্ষে বিগত বছরের সকল দুর্নীতিবাজ ও বিদেশে অর্থ পাচারকারীদের সকল সম্পত্তি ক্রোক করে রাষ্ট্রীয় কোষাগারে জমা করতে হবে এবং বিদেশে পাচারকৃত টাকা ফেরত আনবার উদ্যোগ গ্রহণ করতে হবে।
বিগত বছরে যারা ক্ষমতায় ছিলেন তাদের সম্পদের হিসাব দিতে হবে। সকল দুর্নীতি ও টাকা পাচারের শ্বেতপত্র প্রকাশ করতে হবে।
৩. আইনশৃঙ্খলা বাহিনী, প্রশাসন, বিচার বিভাগসহ প্রজাতন্ত্রের যে সকল কর্মচারী আইন, সংবিধান, শপথ লঙ্ঘন করে অপেশাদার আচরণ করেছেন তাদেরকে বিচারের মুখোমুখি করতে হবে।
৪. দেশের সংখ্যাগরিষ্ঠ ধর্মীয় জনগোষ্ঠির চিন্তা-চেতনা ও অনুভূতির বিরুদ্ধে কোন সিদ্ধান্ত নেয়া যাবে না।
৫. নির্বাচন কমিশনকে পুনর্গঠন করতে হবে এবং অবাধ, সুষ্ঠু গ্রহণযোগ্য ও অংশগ্রহণমূলক নির্বাচনের জন্য সংখ্যানুপাতিক নির্বাচন (চজ) পদ্ধতি চালু করতে হবে।
৬. আওয়ামী দুঃশাসনের বিগত ১৬ বছরে সবচেয়ে ক্ষতিগ্রস্থ হয়েছে এদেশের সাধারণ শিক্ষাখাতের মান ও নৈতিকতা। এই ক্ষতি দ্রুত সময়ের মধ্যে কাটিয়ে উঠার লক্ষ্যে দেশপ্রেমিক শিক্ষাবিদ ও উলামায়ে কেরামের সমন্বয়ে একটি জাতীয় শিক্ষাকমিশন গঠন করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৭. গ্রাম পুলিশকে জাতীয়করণ করে তাদের সম্মানজনক বেতন ও ভাতার ব্যবস্থা করতে হবে।

এছাড়াও প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন প্রভাষক মাওলানা শিহাব উদ্দিন, প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন খুলনা যুব আন্দোলনের সেক্রেটারি এবং সাবেক কেন্দ্রীয় সাবেক ছাত্র আন্দোলন বাংলাদেশের সভাপতি মুফতী আহমাদ আব্দুল জলিল । বিশেষ অতিথি

মাওলানা আমানুল্লাহ হেফাজতে ইসলাম কোটচাঁদপুর শাখা।

এসময় আরও উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা ওলামা পরিষদের সভাপতি মুফতী নাজির আহমেদ, কোটচাঁদপুর থানা সেক্রেটারি জনাব ফারুক হোসেন, মহেশপুর উপজেলার সভাপতি মাওলানা আবু বকর সিদ্দিক, সাবেক সভাপতি মাওলানা সরোয়ার হোসাইন, এসিস্ট্যান্ট সেক্রেটারি মুফতী ইব্রাহীম খলীল, দপ্তর সম্পাদক মাওলানা আব্দুল্লাহ আল মামুন।